১৫

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 04 JUN 1997 ...
পৃষ্ঠা ..১..৮.. কলাম ..৭......

# স্কুল কলেজেও দু'দিন সাপ্তাহিক ছুটি হচ্ছে

আহমেদ দীপু

স্কুল কলেজে দু'দিন সাপ্তাহিক ছুটি কার্যকর করার উদ্যোগ নেয়া হয়েছে। সকল সরকারী-বেসরকারী স্কুল কলেজে পাঁচ দিনের মধ্যে ক্লাসের ও সাধারণ কর্ম সময় কিভাবে নির্ধারণ করা হবে তা নিয়ে শিক্ষা মন্ত্রণালয় মঙ্গলবার থেকে কাজ শুরু করেছে। আগামী সপ্তাহ থেকেই এই ছুটি কার্যকর হওয়ার সম্ভাবনা রয়েছে। খবর সংশ্লিষ্ট সূত্রের।

দীর্ঘদিন যাবত দেশের স্কুল কলেজগুলো একদিন সাপ্তাহিক ছুটি ভোগ করে আসছে। একদিনের ছুটিকেই সামনে রেখে ক্লাসের ও সাধারণ কর্ম সময় নির্ধারণ করা হয়েছে। কিন্তু সম্প্রতি দু'দিন ছুটি ঘোষণা হওয়ায় পুরনো নিয়ম পুরোটাই পরিবর্তন করতে হচ্ছে। সপ্তাহের পাঁচ দিনের মধ্যেই আগের ছয় দিনের ক্লাসসহ সবকিছু সমন্বয় করতে হবে। এতে বিশেষ করে ছাত্রছাত্রীদের ওপর কিছুটা চাপ পড়তে পারে বলে মন্ত্রণালয়ের এক কর্মকর্তা জানিয়েছেন।

সূত্র জানায়, ছয় দিনের কার্যক্রম পাঁচ দিনের মধ্যে সমন্বয় করার জন্য স্কুল শুরুর সময় এগিয়ে নিয়ে আসা হতে পারে। একই সঙ্গে আগে প্রতিদিন যেখানে সাতটি করে ক্লাস হতো সেখানে আটটি ক্লাশ নেয়ার সম্ভাবনা রয়েছে। অন্য একটি সূত্র জানিয়েছে, ক্লাসের-সময় বাড়িয়ে দিয়ে ছয় দিনে যা পড়ানো হতো তা পাঁচ দিনের মধ্যে শেষ করা হবে। কলেজের চেয়ে স্কুলের ক্লাসের সময় সমন্বয় করা কঠিন। কারণ স্কুলের পাঠ্য বইয়ের সংখ্যা বেশি। কাজেই তাদের প্রতিদিন ক্লাসও করতে হয় সে অনুযায়ী। অন্যদিকে কলেজে প্রতিদিন ক্লাসের সংখ্যা তুলনামূলক কম হওয়ায় ছয়দিনের কাজ পাঁচ দিনে সমন্বয় করতে তেমন অসুবিধা হচ্ছেনা। বছরের মাঝামাঝি সময়ে এসে স্কুলের ক্লাসের সময়সূচীর সমন্বয় করতে গিয়ে কর্তৃপক্ষকে ঝামেলায় পড়তে হয়েছে। কারণ বছরের শুরুতেই সিলেবাস নির্ধারণ করা হয়েছে সপ্তাহে ছয়দিন ক্লাসের হিসাব অনুযায়ী। সেখানে একদিন কমে যাওয়ায় এই সমস্যা হয়েছে। সূত্রটি জানায়, মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে প্রাথমিকভাবে একটি সময়সূচী চূড়ান্ত করা হবে। পরে পর্যায়ক্রমে শিক্ষকদের সাথেও বিষয়টি নিয়ে আলোচনা হতে পারে। সে ক্ষেত্রে আগামী সপ্তাহ থেকে দু'দিন ছুটি কার্যকর করার জন্য যে সময়সূচী নির্ধারণ করা হবে তা পরে পরিবর্তন করা হতে পারে।

এ ব্যাপারে সংশ্লিষ্ট এক কর্মকর্তার সাথে যোগাযোগ করা হয়। তিনি বলেন, মঙ্গলবারই এ জন্য কাজ শুরু হয়েছে। আগামী বৃহস্পতিবারের মধ্যেই সময়সূচীর ব্যাপারে একটা সিদ্ধান্তে আসা সম্ভব। সে ক্ষেত্রে আগামী সপ্তাহ থেকে স্কুল কলেজে দু'দিন সাপ্তাহিক ছুটি কার্যকর হতে পারে।